

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন সংক্রান্ত তৃতীয় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২২)

সভার কার্যবিবরণী

সভাপতি : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।  
সভার তারিখ : ৩০-০৩-২০২২  
সভার সময় : সকাল ১০.০০টা  
স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক মহোদয়ের অফিস কক্ষ।

আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী বিস্ফোরক পরিদর্শক সানজিদা আক্তার জানান, ২০২১-২০২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত তৃতীয় ত্রৈমাসিক সভা অদ্য অনুষ্ঠিত হচ্ছে।

০২। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় জানতে চাওয়া হলে ফোকাল পয়েন্ট জানান সভার সিদ্ধান্ত অনুসারে সিটিজেন চার্টার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়। তাছাড়া সিটিজেন চার্টারের হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

০৩। তিনি সভাকে আরো অবহিত করেন যে সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করা হয় এবং হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হয়। তিনি আরো বলেন, জনাব মোহা: নায়েব আলী (যুগ্মসচিব) প্রধান বিস্ফোরক পরিদর্শক হিসেবে এ দপ্তরের ১৫-০২-২০২২ তারিখে যোগদান করায় প্রধান বিস্ফোরক পরিদর্শক মহোদয়ের নাম, ই-মেইল সংশোধন করা হয়েছে। তাছাড়া আপীল কর্মকর্তার পদবি সিটিজেন চার্টারে সংশোধনপূর্বক হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

সিদ্ধান্ত :

- ক) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে;
- খ) অংশীজনদের সমন্বয়ে সভা আয়োজন করতে হবে।

০৪। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



৩০/৩/২০২২

মোহা: নায়েব আলী

যুগ্মসচিব

প্রধান বিস্ফোরক পরিদর্শক

টেলিফোন: ২২২২২৫২৫৮